1.2 BEN بنغالي

# মসজিদে নববীর

# সেবা নির্দেশিকা



কৌশলগত অংশীদার

أوقاف
الهيئة العامة للأوقاف
GENERAL AUTHORITY FOR AWQAF

وزارة الحج والعمرة
MINISTRY OF HAJJ AND UMRAH

এই নির্দেশিকাটি নিম্নলিখিত ভাষায় পাওয়া যাচ্ছে। পছন্দের ভাষার ওপর ক্লিক করে আপনি সেটা ডাউনলোড করতে পারেন:

| | |
|---|---|
| English ENG | عربي AR |
| বাংলা BEN | Bahasa Indonesia IND |
| Français FRA | Hausa HAU |
| Türkçe TUR | اُردُوْ URD |
| Español SPN | Русский язык RUS |
| Bahasa Malaysia MAY | සිංහල භාෂාව SIN |
| አማርኛ AMH | فارسی PER |
| o'zbek UZB | हिंदी HIN |

# সূচিপত্র

পছন্দসই পৃষ্ঠায় যেতে যেকোনো শিরোনামে ক্লিক করুন



জুমুআর খুতবার অনুবাদ



দর্শনার্থীদের জন্য কুরআন মুখস্থকরণের হালকা



বিভিন্ন ভাষায় কুরআন



▶ হারানো ব্যক্তিদের প্রত্যাবর্তন কেন্দ্র



▶ বড় বড় ছাতা



▶ হারানো সামগ্রী



▶ নারীদের নামাজের স্থলে হারানো বস্তু:



▶ মসজিদে নববীর গ্রন্থাগার



▶ মসজিদে নববীতে নারীদের নির্দেশিকা



▶ বাকী’ কবরস্থান



▶ গাড়ি পার্কিং

গুরুত্বপূর্ণ
নম্বরসমূহ

এই নির্দেশিকাতে আপনি মসজিদে নববীতে বিদ্যমান গুরুত্বপূর্ণ সেবাসমূহ সম্পর্কে জানতে পারবেন।





# জুমুআর খুতবার অনুবাদ

নিম্নলিখিত ভাষাগুলোতে জুমুআর খুতবা সরাসরি অনুবাদ ও প্রচার করা হয়:

| | |
|---|---|
| ইংরেজি | FM 105.5 |
| তুর্কি | FM 107 |
| ফরাসি | FM 99.5 |
| ফারসি | FM 107 |
| উর্দু | FM 105 |
| হাউসা | FM 107.3 |
| মালাউই | FM 99 |



# দর্শনার্থীদের জন্য কুরআন মুখস্থকরণের হালকা

এটা মসজিদে নববীর দর্শনার্থীদের উদ্দেশ্যে প্রদত্ত একটি বিশাল সেবা।


মসজিদে নববীতে প্রবেশ করলে আপনি বিভিন্ন পার্শ্বে অনেকগুলো হালকা দেখতে পাবেন। এগুলো মূলত যিয়ারতকারীদের জন্য প্রস্তুত করা হয়েছে। এখানে তারা তাদের তিলাওয়াত শুদ্ধ ও সুন্দর করতে পারেন।



# বিভিন্ন ভাষায় কুরআন

মসজিদে নববীতে আপনি বিভিন্ন প্রকারের কুরআন দেখতে পাবেন। যা ভাষা ও প্রয়োজন নির্বিশেষে সকল মানুষের জন্য উপকারী। সেখানে রয়েছে বিভিন্ন ভাষায় অনূদিত তাফসীর। আরও রয়েছে দৃষ্টিহীনদের জন্য ব্রেইল ভাষার কুরআন।

মসজিদে নববীতে বিদ্যমান সকল কুরআন মসজিদের জন্য ওয়াকফকৃত। ফলে সেগুলো মসজিদ থেকে বের করা বৈধ হবে না।




# হারানো ব্যক্তিদের প্রত্যাবর্তন কেন্দ্র

কেউ নিজে হারিয়ে গেলে কিংবা হারানো কাউকে খুঁজতে চাইলে অথবা হারিয়ে গেছে এমন কাউকে দেখে সাহায্য করতে না পারলে প্রত্যেকের জন্য কর্তব্য হলো নিম্নলিখিত স্থানগুলোতে বিদ্যমান হারানো ব্যক্তিদের প্রত্যাবর্তন কেন্দ্রে যোগাযোগ করা:

অফিসের লোকেশন:

মসজিদের দক্ষিণ-পূর্ব দিকে (১) নং এলাকায় গেইট নং: ২১ আলিফ, বাকী’র প্রাচীরের কাছে।




# হারানো শিশু

চত্বরের ৩৪ জীম নম্বর দরজার বিপরীতে বাকী’ কবরস্থানের প্রাচীরের কাছে হারানো শিশুদের প্রধান কার্যালয় রয়েছে।

আরেকটি কেন্দ্র রয়েছে নারীদের পশ্চিম দিকের ১৩ নং মুসল্লাতে।

আরেকটি কেন্দ্র রয়েছে নারীদের পূর্বদিকের ২৯ নং মুসল্লাতে








কোনো হারানো শিশু পেলে তাকে মসজিদের নিকটবর্তী দরজার কাছে নিয়ে যান। দরজাতে বিদ্যমান দায়িত্বশীলের কাছে অর্পণ করুন। তিনি শিশুটিকে তার পরিবারের কাছে পৌঁছে দিবেন।

## সতর্কতা



বাচ্চার সঙ্গে তার নাম, আপনার নাম ও আপনার ফোন নাম্বার সম্বলিত পরিচয়পত্র কিংবা ব্রেসলেট ইত্যাদি রাখুন। এতে আল্লাহ না করুন সে হারিয়ে গেলে তাকে সহজে আপনার কাছে পৌঁছানো যাবে।



# বড় বড় ছাতা

মসজিদের বাইরের আঙিনা ও ভেতরের ‘সারাহাতে’ জাঁকজমকপূর্ণ কারুকাজ ও দৃষ্টিনন্দন ডিজাইনের ২৬২ টি বড় বড় ছাতা ছড়িয়ে আছে। এগুলো প্রয়োজন অনুপাতে খোলা ও বন্ধ করা হয়।









যিয়ারতকারী ও মুসল্লীদেরকে রোদ-বৃষ্টি থেকে সুরক্ষা দিতে দিনের প্রথমভাগে এগুলো খুলে দেয়া হয়। রাতে বায়ু চলাচল ও আকাশের দৃশ্য উপভোগের জন্য বন্ধ করে দেয়া হয়।









# হারানো সামগ্রী

হাজী ও যিয়ারতকারীদের নিজ নিজ মালামালের প্রতি সতর্ক দৃষ্টি রাখা আবশ্যক। যাতে কোনো কিছু হারিয়ে না যায়।

তদুপরি কেউ যদি কোনো কিছু হারিয়ে ফেলে কিংবা কিছু খুঁজতে চায় তবে হারামের নিরাপত্তা কর্মীদের তত্ত্বাবধানে পরিচালিত হারানো কেন্দ্রে যোগাযোগ করতে পারে। এটা চত্বরের বর্হিগমন পথের কাছে ১৮ নং কেন্দ্র



# নারীদের নামাজের স্থলে হারানো বস্তু



নারীদের নামাজের স্থলে হারানো সামগ্রী পূর্বদিকের মুসল্লার অফিসে এক সপ্তাহ পর্যন্ত সংরক্ষণ করা হয়।

যদি ততোদিনে সেটা গ্রহণ করা না হয় তবে পরবর্তীতে চত্বর গেটের ১৮ নং কেন্দ্রে স্থানান্তর করা হয়।



# মসজিদে নববীর গ্রন্থাগার

আল্লাহর রাসূলের মসজিদে বিদ্যমান এই গ্রন্থাগারটি জ্ঞান-বিজ্ঞানের সমৃদ্ধ কেন্দ্র। নানান বয়স ও নানান সংস্কৃতির অসংখ্য ছাত্র, গবেষক ও যিয়ারতকারীগণ এখানে এসে থাকেন।

## গ্রন্থাগার প্রতিষ্ঠা:

এই গ্রন্থাগারটি সর্বপ্রথম প্রতিষ্ঠিত হয়েছিল হিজরী ৮৮৬ সালের আগে।


আধুনিক যুগে ১৩৫২ হিজরীতে। ।এটি পুনঃনির্মিত হয়।



## গ্রন্থাগারের অবস্থান:

মসজিদে নববীর গ্রন্থাগারটি মসজিদের ছাদে অবস্থিত। ‘বাবে আকীক’ নামে পরিচিত ১১ নং দরজা দিয়ে সেখানে প্রবেশ করা যায়। এক্ষেত্রে (১০সি) নং বৈদ্যুতিক সিঁড়ি ব্যবহার করতে হবে।

নারীদের জন্য নির্ধারিত গ্রন্থাগারটি রয়েছে (২৪) অথবা (১৬) নং দরজার কাছে।





গ্রন্থাগারের আয়তন ৭৪৪ বর্গমিটার।

গ্রন্থাগারটিতে ৭১ টি বিষয়ে ১৭২৫৪৮ এর অধিক গ্রন্থ রয়েছে।


গ্রন্থাগারটি সকাল ৮ টা থেকে রাত ১০ টা পর্যন্ত দর্শনার্থীদের জন্য খোলা থাকে।


# মসজিদে নববীতে নারীদের নির্দেশিকা

মসজিদে নারীদের জন্য নির্ধারিত বড় দু'টো নামাজের স্থান (মুসল্লা) রয়েছে। সেখানে তাদের জন্য নির্ধারিত চত্বরও রয়েছে:


পশ্চিম দিকের মুসল্লা: ১৩ নং থেকে ১৭ দাল নং দরজা পর্যন্ত যে কোনো দরজা দিয়ে সেখানে পৌঁছা সম্ভব।

উত্তর দিকের মুসল্লা: ২৩ নং থেকে ৩১ বা নং দরজা পর্যন্ত যে কোনো দরজা দিয়ে সেখানে পৌঁছা যায়।





নারীদের জন্য নির্ধারিত একটি সমৃদ্ধ গ্রন্থাগার বিদ্যমান রয়েছে। ১৬ নং কিংবা ২৪ নং দরজা দিয়ে সেখানে পৌঁছা যায়।





নারীদের জন্য রওজা শরীফ (রিয়াযুল জান্নাহ) যিয়ারত ও সেখানে নামাজ পড়ার সুযোগ রয়েছে। এজন্য সরকারি অ্যাপে রেজিস্ট্রেশন করতে হবে:


## নুসুক অ্যাপ




নারীদের পূর্ব দিকের মুসল্লার ২৫ নং ও ২৯ নং দরজা দিয়ে রওজাতে পৌঁছা যাবে।

হারামের চতুর্দিকে নারীদের নামাজের স্থানের কাছাকাছি তাদের জন্য নির্ধারিত শৌচাগার রয়েছে। সেগুলোতে নারীদের বিশেষ সংকেত বিদ্যমান রয়েছে। নারীদের জন্য নির্ধারিত শৌচাগারগুলো হলো:

| | |
|---|---|
| উত্তর দিকে | ১১ বা-৯-১২ আলিফ |
| পূর্ব দিকে | ১৩ আলিফ |
| পশ্চিম দিকে | ৭আলিফ-৭বা |






# বাকী’ কবরস্থান

এটা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যুগ থেকে শুরু করে বর্তমান সময় পর্যন্ত মদীনা মুনাওয়ারার কবরস্থান।

যুগে যুগে এখানে অসংখ্য মানুষ শায়িত হয়েছেন। তন্মধ্যে উল্লেখযোগ্য হচ্ছেন: একাধিক উম্মাহাতুল মুমিনীন (রাসূলুল্লাহর স্ত্রী) ও অসংখ্য সাহাবায়ে কিরাম রাযিয়াল্লাহু আনহুম।

এটা মসজিদে নববীর দক্ষিণ-পূর্ব দিকে অবস্থিত। এর আয়তন ১৮০,০০০ বর্গ মিটার।





এটাকে ‘বাকী’ বলা হয়; কারণ অতীতে এখানে অসংখ্য গাছপালা ছিল। আর আরবীতে নানান গাছপালাপূর্ণ বিস্তৃত অঞ্চলকে ‘বাকী’ বলা হয়।



নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রায়শই বাকীর অধিবাসীদের যিয়ারত করতেন এবং তাদের জন্য দুআ করতেন।



পুরুষদের জন্য ফজরের পর থেকে সকাল ৯ টা পর্যন্ত এবং আসরের পর থেকে দেড় ঘন্টা পর্যন্ত বাকী কবরস্থান যিয়ারতের সুযোগ রয়েছে।



# গাড়ি পার্কিং

মসজিদে নববীর নিচে ৪৩০০ টি গাড়ি ধারণ ক্ষমতাসম্পন্ন পার্কিং ব্যবস্থা রয়েছে। এই পার্কিং সর্বমোট ২৪ টি ইউনিটে বিভক্ত। ১১ টি ইউনিট উপর তলায়; আর ১৩ টি ইউনিট নিচ তলায়। এসব ইউনিটের অর্ধেক তথা ১২ টি ইউনিট মাসিক ও বাৎসরিক সাবস্ক্রিপশন ভিত্তিক। আর বাকি ১২ টি ঘন্টা হিসেবে নগদ পেমেন্ট ভিত্তিক পরিচালিত হয়। মসজিদে নববীর চারপাশে বিস্তৃত প্রধান সড়ক থেকে ছয়টি পথে উক্ত পার্কিংয়ে প্রবেশ করা যায়।

# প্রয়োজনীয় নম্বরসমূহ

## 911

জরুরি ও নিরাপত্তা সেবার জন্য

---

## 937

চিকিৎসা সংক্রান্ত পরামর্শ ও জিজ্ঞাসার জন্য

---

## 920002814

আল্লাহর মেহমানদের জিজ্ঞাসার জবাবের জন্য হজ্জ ও উমরা মন্ত্রণালয়ের যোগাযোগ কেন্দ্র

---

## 1966

মসজিদে হারাম ও মসজিদে নববী সংক্রান্ত অনুসন্ধানের জন্য

হজ্জের অন্যান্য সকল নির্দেশিকা হজ্জ ও উমরা মন্ত্রণালয়ের ওয়েব সাইটে বিদ্যমান (এখানে ক্লিক করুন)।

এসব নির্দেশিকাতে সুষ্ঠু ও সুন্দরভাবে হজ্জ সম্পন্ন করতে প্রয়োজনীয় সকল তথ্য ও দিক-নির্দেশনা বিদ্যমান।




কৌশলগত অংশীদার

أوقاف
الهيئة العامة للأوقاف
GENERAL AUTHORITY FOR AWQAF

هيئة الهلال الأحمر السعودي
SAUDI RED CRESCENT AUTHORITY

وقاية
هيئة الصحة العامة
PUBLIC HEALTH AUTHORITY

وزارة الصحة
Ministry of Health

الدفاع المدني

هيئة الزكاة والضريبة والجمارك
Zakat, Tax and Customs Authority

SFDA
الهيئة العامة للغذاء والدواء
Saudi Food & Drug Authority

الهيئة العامة للنقل
TRANSPORT GENERAL AUTHORITY

# আল্লাহ আপনাদের আমল ও প্রচেষ্টাগুলো কবুল করুন

দিক-নির্দেশনামূলক অন্যান্য তথ্যের জন্য
সামাজিক যোগাযোগ মাধ্যমে
আমাদের একাউন্টগুলো অনুসরণ করুন

Haj.gov.sa | @HajMinistry

وزارة الحج والعمرة
MINISTRY OF HAJJ AND UMRAH